দৈনিক ইনকিলাব

তারিখ 07 DEC 1987
পৃষ্ঠা 4 কলাম 4

020

# উপজেলা পরিক্রমা

## আক্কেলপুর

আক্কেলপুর (জয়পুরহাট), ৬ ডিসেম্বর (সংবাদদাতা)।— আক্কেলপুর উপজেলা বিভিন্ন সমস্যায় জর্জরিত। সাম্প্রতিক ভয়াবহ বন্যায় জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই সমস্যাগুলো সমাধানে কর্তৃপক্ষের কোন কার্যকরী ভূমিকা দেখা যায় না।

### যোগাযোগ

আক্কেলপুর উপজেলায় যোগাযোগ ব্যবস্থা পূর্ব থেকেই অনুন্নত। উপজেলা হিসেবে উন্নত হবার পর আশা করা হয়েছিল যোগাযোগ ক্ষেত্রে এক বিশেষ পরিবর্তন আসবে। কিন্তু আজ পর্যন্ত সেরূপ কোন কিছু দৃষ্টিগোচর হচ্ছে না। এই উপজেলার রেলপথ ছাড়া আর অন্য কোন যোগাযোগ ব্যবস্থা নেই। এই উপজেলার কোন প্রকার পাকা রাস্তা নেই। যদিও রয়েছে কিন্তু কাঁচা রাস্তায় চলাচলের অযোগ্য।

### শিক্ষা

শিক্ষা ব্যবস্থাও আগের চেয়ে বর্তমান কিছুটা উন্নয়নের ছোঁয়া লেগেছে। এখানে ৫১টি প্রাথমিক বিদ্যালয়, ১৩টি জুনিয়র হাইস্কুল, ৭টি হাইস্কুল, ১টি সিনিয়র মাদ্রাসা ও ১টি ডিগ্রি কলেজ। এসকল শিক্ষা প্রতিষ্ঠানে হাজার হাজার ছাত্র/ছাত্রী পড়াশুনা করে। বন্যার ফলে ৪টি শিক্ষা প্রতিষ্ঠান ধসে পড়ায় ছেলে-মেয়েদের পড়াশুনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

### কৃষি

এ উপজেলার কৃষির দিক থেকে বরাবর উন্নত কিন্তু প্রাকৃতিক দুর্যোগ, সার, কীটনাশক ও বীজের মূল্য বৃদ্ধির কারণে কৃষি কাজ ব্যাহত হচ্ছে। সাম্প্রতিক বন্যার ফলে ব্যাপকভাবে ফসলহানি হয়েছে। এই উপজেলার কৃষকদের মাঝে সহজ শর্তে কৃষির উন্নয়নের লক্ষে ঋণ দেয়া প্রয়োজন।

### বিদ্যুৎ

বিদ্যুৎ ব্যবস্থা অনিয়মিতভাবে থাকার দরুন সংশ্লিস্ট গ্রাহকদের হতাশ করেছে। এখানে বিদ্যুৎ সরবরাহ নিয়মিত না থাকার কারণে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার দারুণ অসুবিধার সম্মুখীন হচ্ছে। অপরদিকে কলকারখানার উৎপাদন ব্যাহত হচ্ছে। পলাশবাড়ী থেকে এখানে ৩৩ হাজার বিদ্যুৎ সরবরাহ অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে। পলাশবাড়ীর লাইন না থাকার কারণে গ্রাহকগণও দুর্ভোগের শিকার হচ্ছে।

### স্বাস্থ্য

এ উপজেলার স্বাস্থ্য প্রকল্পটি বেশ কিছু দিন যাবত্ বিভিন্ন সমস্যায় জর্জরিত রয়েছে। অত্র হাসপাতালে প্রত্যেহ শত শত রোগী ভীড় করে। কিন্তু এর সমস্যা হলো ওষুধের। শুধুমাত্র ডাক্তাদের পরামর্শ প্রাপ্তি ছাড়া আর অন্য কোন ওষুধই তাদের ভাগ্যে মিলে না।

### আইন শৃংখলা

অত্র উপজেলায় আইন শৃংখলা আগের চেয়ে বর্তমানে কিছুটা অবনতি ঘটছে। সাম্প্রতিক বন্যার পর ছোট ছোট চুরি বেড়ে গেছে। তা'ছাড়া অত্র উপজেলা শহরে জুয়া খেলা বেড়ে গেছে। রাতের অন্ধকারে কতিপয় যুবক মদ খেয়ে ঘুরে বেড়ায়।